



অধ্যাপক আহমেদ ফজলুল করিম দুলাল ১৯৫০ সালের ১২ জানুয়ারি জন্মগ্রহণ করেন। তিনি ১৯৬৫ সালে নান্দাইল চন্ডীপাশা সরকারী হাই স্কুল থেকে এস,এস,সি পাশ করেন। অতঃপর ১৯৬৮ সালে গুরুদয়াল কলেজ হতে এইচ,এস,সি এবং ১৯৭০ সালে গুরুদয়াল কলেজে হতে বি,এসসি (বাইলোজী গ্রুপ) ডিগ্রী লাভ করেন। ১৯৭০ সালেই তিনি করাচীতে এম,এসসি ক্লাশে ভর্তি হন। সেখানে এক বছর লেখাপড়ার পর একাত্তরের মুক্তিযুদ্ধ শুরু হলে তিনি করাচী ত্যাগ করেন। ১৯৭১ সালে পুনরায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে উদ্ভিদ বিজ্ঞান বিভাগে ভর্তি হয়ে এম,এসসি ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৭২ সালে গুজাদিয়ায় মুনশী খলিলুল্লাহ মহাবিদ্যালয়ে অধ্যাপনা পেশায় যোগদান করে কর্মজীবন শুরু করেন। পরবর্তীতে তিনি নান্দাইল শহীদ স্মৃতি আদর্শ কলেজে উদ্ভিদ বিজ্ঞান বিষয়ে প্রভাষক পদে যোগদান করেন। এই প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট থাকাবস্থায় তাঁর দক্ষতা, অভিজ্ঞতা, কর্মচাঞ্চল্য ও বিরামহীন প্রচেষ্টায় ১৯৯২ সালে তাঁর দাদা হাজী জাফর আলীর নামে প্রতিষ্ঠা করেন হাজী জাফর আলী (ডিগ্রী) কলেজ। তাঁর আর্থিক সাহায্য ও প্রত্যক্ষ শ্রমের কারণেই কলেজটি দ্রুত প্রতিষ্ঠা লাভ করে। তিনি হাজী জাফর আলী (ডিগ্রী) কলেজটিকে কিশোরগঞ্জ জেলার একটি অনন্য প্রতিষ্ঠানে উন্নীত করার স্বপ্ন দেখতেন। কিন্তু তাঁর আকস্মিক মৃত্যুর ফলে সে স্বপ্ন পূরণ হয়নি। ২০০৪ সালের ১৬ই ফেব্রুয়ারি বিকালে হাজী জাফর আলী (ডিগ্রী) কলেজ থেকে মটরসাইকেলে কিশোরগঞ্জ যাবার পথে পুলেরঘাট সংলগ্ন ষাটকাহন গ্রামে সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হয়ে অজ্ঞান হন। দীর্ঘ ২৩ দিন ঢাকা সি,এম,এইচ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ২০০৪ সালের ১১ মার্চ ইন্তেকাল করেন।

(ইন্মালিল্লাহে.....রাজেউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৪ বছর। ১২ই মার্চ বাদ আসর তাঁর নিজ প্রতিষ্ঠিত হাজী জাফর আলী (ডিগ্রী) কলেজ মাঠে জানাজা শেষে কলেজ সংলগ্ন পারিবারিক গোরস্থানে মরহুমের দাফন সম্পন্ন হয়।

নিরলস সমাজকর্মী শিক্ষাবিদ অধ্যাপক আহমেদ ফজলুল করিম আজ আমাদের মাঝে নেই। তিনি যুগ যুগ ধরে পৃথিবীতে বেঁচে থাকবেন তাঁর সৃজনশীল চিন্তা ও কর্মের মাধ্যমে। আমাদের অন্তরে থাকবেন চিরজাগরুক। পরম করুণাময় আল্লাহতায়াল্লা তাঁকে জান্নাতুল ফেরদৌস দান করুন। আমীন। (সূত্র “আলোকিত কিশোরগঞ্জ” প্রকাশকাল ১ জানুয়ারি ২০০৫)